দৈনিক বাংলা

43

তারিখ 07 OCT 1987
পৃষ্ঠা ... 8 কলাম 6 ...

## সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির জাতীয় শিক্ষা সেমিনার সমাপ্ত

বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির (বাসমাশিস) আয়োজিত সপ্তাহব্যাপী জাতীয় শিক্ষা সেমিনার মঙ্গলবার লক্ষ্মীবাজারস্থ আর্চবিশপ গাঙ্গুলী মেমোরিয়াল হলে শেষ হয়েছে।

সমিতির চেয়ারম্যান মীর আবদুল বাতেনের সভাপতিত্বে সমাপনী অনুষ্ঠানে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি জনাব নজরুল ইসলাম প্রধান অতিথি ছিলেন। তিনি সেমিনারে অংশগ্রহণকারীদের মধ্যে প্রশংসাপত্র বিতরণ করেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে অধ্যাপক এম শরীফুল ইসলাম, অধ্যাপক আবদুল লতিফ, ফজলুর রহমান, মতিউর রহমান প্রমুখ বক্তব্য রাখেন। খবর প্রেস বিজ্ঞপ্তির।